

ঢাকা, ১২ সেপ্টেম্বর ২০১৯

বাংলাদেশ তথা বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় আগামী দিনে ভূমিকা রাখবে শিক্ষার্থীরা: মাননীয় শিক্ষা উপমন্ত্রী

মহিবুল হাসান চৌধুরী

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, ‘বাংলাদেশ তথা বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় আগামী দিনে ভূমিকা রাখবে শিক্ষার্থীরা, আর এ জন্যে শিক্ষকদের প্রধান দায়িত্ব পালন করতে হবে। শিক্ষার্থীদের শান্তিকামী, নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। মানুষ শান্তিতে না থাকলে পৃথিবীর যে সম্ভাবনা তা নষ্ট হবে’।

তিনি আজ সকালে রাজধানীর ডেমরার মাতুইয়ালে শামসুল হক খান স্কুল এন্ড কলেজ এবং হেভেনলি কালচার, ওয়াল্ড পিস, রেসটোরেশন অফ লাইট (এইচ ডব্লিউ পিএল) এর আয়োজনে ওয়াল্ড পিস সামিটে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শামসুল হক খান স্কুল ও কলেজের প্রিন্সিপাল ড. মাহাবুব রহমান মোল্লা এর সভাপতিত্বে অন্যান্যর মধ্যে উপস্থিত ছিলেন শামসুল হক খান স্কুল ও কলেজের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান মাহফুজুর রহমান মোল্লা, বৈশাখী টেলিভিশনের প্রধান বার্তা সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ।

উপমন্ত্রী বলেন, বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখায় বঙ্গবন্ধু জুলি ও কুরি পুরস্কার পেয়েছিলেন। ১০ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে জননেত্রী শেখ হাসিনা পেয়েছেন মাদার অব হিউমেনেটি খেতাব।

উপমন্ত্রী বলেন, ‘শান্তি প্রতিষ্ঠার এই প্রচেষ্টার সঙ্গে শামসুল হক খান স্কুল ও কলেজ কর্তৃপক্ষ সম্পৃক্ত হয়েছে। তারা শিক্ষার্থীদের মধ্যে শান্তির সংস্কৃতি ছড়িয়ে দিচ্ছে। এটা একটি মহৎ উদ্যোগ।

বাংলাদেশ একটি শান্তি প্রিয় দেশ। এদেশের রাষ্ট্রীয় নীতিই হচ্ছে শান্তির পক্ষে। যে কারণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল মর্মবাণী তৈরি করেছেন ‘সবার সঙ্গে বন্ধুত্ব কারো সহিত শত্রুতা নয়’। জাতির পিতার সুযোগ্য কন্যা, বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা একই নীতি ও আদর্শ অনুসরণ করে সকল প্রতিবেশি দেশসহ আন্তর্জাতিক আসনে সুসম্পর্ক বজায় রেখেছেন।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮